

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৩, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বন অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ২১ পৌষ ১৪২৬/০৫ জানুয়ারি ২০২০

নং ২২.০০.০০০০.০৬৬.৩২.০২৫.১৪.৪৫০—নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা, ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১২ ডিসেম্বর ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.৪৫.০০৬.১৫.৪৯ নম্বর স্মারকে সম্মতি প্রদানের পরিপ্রেক্ষিতে বন অধিদপ্তরের আওতাধীন মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলাধীন মাধবকুন্ড ইকোপার্ক এর প্রবেশ ফি ও অন্যান্য স্থাপনার রাজস্ব হার/ফি নিম্নোক্তভাবে নির্ধারণ/পুনর্নির্ধারণ করা হলো :

(ক) মাধবকুন্ড ইকোপার্ক এর প্রবেশ ফি ও অন্যান্য স্থাপনার ফি :

ক্রম	বিবরণ	পূর্বের রাজস্ব হার/ফি	নির্ধারিত/পুনর্নির্ধারিত রাজস্ব হার/ফি	মন্তব্য
১।	প্রবেশ ফি :			
	(ক) প্রাপ্ত বয়স্ক ব্যক্তি (১২ বছরের ঊর্ধ্বে) (প্রতিজন)	১০ (দশ) টাকা	২০ (বিশ) টাকা	..
	(খ) অপ্রাপ্ত বয়স্ক ও পরিচয় পত্রধারী শিক্ষার্থী প্রতিজন			পূর্বে নির্ধারিত “অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তি” ও “ছাত্র-ছাত্রীদের”
	অপ্রাপ্ত বয়স্ক প্রতিজন	০৫ (পাঁচ) টাকা	১০ (দশ) টাকা	জন্য আলাদা প্রবেশ ফি
	ছাত্র-ছাত্রী জনপ্রতি	০২ (দুই) টাকা		একত্রিত করা হয়েছে।

(১৬০৯)

মূল্য : টাকা ৪০০

ক্রম	বিবরণ	পূর্বের রাজস্ব হার/ফি	নির্ধারিত/পুননির্ধারিত রাজস্ব হার/ফি	মন্তব্য
	(গ) শিক্ষা প্রতিষ্ঠানের সুপারিশসহ আগত শিক্ষার্থীগণ (প্রতিজন)	..	০৫ (পাঁচ) টাকা	নতুনভাবে নির্ধারিত রাজস্ব হার/ফি
	(ঘ) শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৩০-১০০ জন (দলগতভাবে অনুমোদন)	১০০ (একশত) টাকা	..	“গ” এ নতুনভাবে ফি নির্ধারণের প্রেক্ষিতে পূর্বের ফি বাদ দেয়া হয়েছে।
	(ঙ) শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ১০১-২০০ জন (দলগতভাবে অনুমোদন)	২০০ (দুইশত) টাকা	..	
	(চ) বিদেশি পর্যটক (প্রতিজন)	০১ ইউএস ডলার বা সমপরিমাণ টাকা	২০০ (দুইশত) টাকা	..
	(ছ) স্যুটিং (প্রতিদিন প্রতি স্যুটিং)	৩,০০০/- (তিন) হাজার টাকা	৫,০০০/- (পাঁচ) হাজার টাকা	..
২।	টয়লেট, ড্রেসিং রুম এবং ওয়াচ টাওয়ার ব্যবহার ফি :			
	(ক) ইউরেনাল প্রতিজন (প্রতিবার)	..	০৫ (পাঁচ) টাকা	নতুনভাবে নির্ধারিত রাজস্ব হার/ফি
	(খ) লেট্রিন প্রতিজন (প্রতিবার)	..	১০ (দশ) টাকা	
	(গ) ড্রেসিং রুম প্রতিজন (প্রতিবার)	..	১০ (দশ) টাকা	
	(ঘ) ওয়াচ টাওয়ার প্রতিজন (প্রতিবার)	..	১০ (দশ) টাকা	

(খ) পার্কের অভ্যন্তরে অবস্থিত মন্দিরে নিয়োজিত পুরোহিত ও সেবাইত (সারা বৎসর) এবং বার্ষিক “বারুনী ম্নান” ও “শিব চতুর্দশী পূজায়” আগত পূণ্যার্থীগণ প্রবেশ ফি বহির্ভূত থাকবে।

০২। জনস্বার্থে জারিকৃত এ প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এস এম ফেরদৌস
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd